যুগান্তর

11 JAN 2017
৩ ... ১

# ঢাবিতে অভিযুক্ত সেই ছাত্রী রাবির আইন বিভাগে ভর্তি

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) 'ঘ' ইউনিটে মেধা তালিকায় স্থান পেয়েও জালিয়াতির সুনির্দিষ্ট অভিযোগে বাদ পড়া সেই ছাত্রীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) আইন বিভাগে ভর্তি করা হয়েছে। আইন অনুষদভুক্ত 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে ৫৫ দশমিক ৫০ নম্বর পেয়ে ৪৪তম মেধা স্থান অর্জন করে তাজরিন আহমেদ খান নামের ওই ছাত্রী। মৌখিক পরীক্ষায় অংশ নিয়ে মেধা তালিকায় প্রথম ধাপে গত ৮ ডিসেম্বর ভর্তি হয় সে। তবে খোদ আইন অনুষদের ডিন ও 'বি' ইউনিটের ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক আবু নাসের মো. ওয়াহিদ বলছেন, 'তার বিষয়ে এখনও আমাদের সন্দেহ রয়েছে। তবে কোনো অভিযোগ বা প্রমাণ হাজির না করতে পারায়, নিয়ম অনুযায়ী তাকে বাদ দিতে পারিনি। ধারণা করছি, অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে সে জালিয়াতি করে থাকতে পারে— যা হয়তো আমাদের বিশ্ববিদ্যালয়ের (রাবির) আইসিটি সেন্টারের আওতার বাইরে।'

রাবি ভিসি অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন যুগান্তরকে বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ে ওই ঘটনাটি শুনেছিলাম। ভর্তি কমিটি এখানে তাকে যাচাই-বাছাই করে ভর্তি করিয়েছে বলে আমি বিশ্বাস করি। যদিও এটা ওই অনুষদের ভর্তি কমিটির বিষয়। আমি বলব— সে ভর্তি হয়েছে তার বিরুদ্ধে এখানে ভর্তি পরীক্ষায় অভিযোগ না উঠলেও পরে তার যোগ্যতা নিয়ে প্রশ্ন উঠলে ভর্তি কমিটি ও বিভাগের শিক্ষকরা সিদ্ধান্ত নেবে।'